



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০

ফোন : ৯৫৫১০৯৬, পিএবিএক্স : ৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭৯৬

পোস্ট বক্স নং ৩৪৫, ৬২৫, জি.পি.ও. ঢাকা, ই-মেইল : info@jbc.gov.bd, ওয়েবসাইট : www.jbc.gov.bd

স্মারক নং ৫৩.১৯.৯০০১.০০২.৯৯.০০০.১৮.১৭০০

তারিখঃ ১২-০৮-২০১৮

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)

নোটিশ

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রতি বৎসরের ন্যায় স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে জীবন বীমা কর্পোরেশনে আগামী ১৫ আগস্ট, ২০১৮ রোজ বুধবার জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সহিত পালন করা হবে। উক্ত শোক সভায় জনাব মোঃ ইউনুসুর রহমান, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত শোক সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জীবন বীমা কর্পোরেশনের পরিচালক পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব শেলীনা আফরোজা পিএইচডি।

উক্ত শোক সভায় সভাপতিত্ব করবেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আলী নূর। জাতির পিতার শাহাদত বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিতব্য শোক সভায় কর্পোরেশনের প্রধান কার্যালয়, ঢাকা রিজিওনাল অফিস এবং এর আওতাধীন ঢাকাস্থ অফিসসমূহের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুষ্ঠানসূচি :

- ১। জাতীয় পতাকা প্রত্যুষে ও যথানিয়মে অর্ধনমিতকরণ।
- ২। জাতীয় শোক দিবস উপলক্ষে কালো ব্যাচ ধারণ।
- ৩। সকাল ৭:০০ টায় পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে কলাবাগান খেলার মাঠ সংলগ্ন রাস্তায় জমায়েত ও ধানমন্ডি ৩২নং এ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।
- ৪। দুপুর ১২:০০ টায় জীবন বীমা ভবন, ২৪ মতিঝিল, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল।
- ৫। বাদ জোহর (বেলা ২:০০ টায়) কাঙ্গালীভোজ এর আয়োজন।

(মওদুদ এ.কে. কাইয়ুম চৌধুরী)
জেনারেল ম্যানেজার-প্রশাসন।

বিতরণ- সদয় অবগতি ও কার্যার্থে:

- ০১। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
- ০২। জেনারেল ম্যানেজার (সকল)----- (অধীনস্থ সকলকে সকল কর্মসূচিসহ আলোচনা সভায় উপস্থিত ও নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ০৪। ডেপুটি জেনারেল ম্যানেজার (সকল)-----
- ০৫। সহকারী জেনারেল ম্যানেজার (সকল)-----
- ০৬। ম্যানেজার (সকল)----- (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ০৭। ম্যানেজার ও বোর্ড সেক্রেটারী।
- ০৮। ম্যানেজার (যানবাহন), সকল রুটের কর্মকর্তা ও কর্মচারীদেরকে যথারীতি সভাস্থলে আনয়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব।
- ১০। ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের একান্ত সচিব।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, রেজি: নং বি-১১৩৮ (সার্বিক সহযোগিতা করার অনুরোধসহ)।